# বিএমএড প্রোগ্রাম
## ২য় সিমেস্টার
## শিক্ষাবর্ষ: ২০২৫ (ব্যাচ: ২০২৫)

# নির্ধারিত কাজ (Assignment)

| ১. কোর্সের নাম: শিখন ও শিখন যাচাই (BMED 2401) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ–১ | : | মাদ্রাসা শিক্ষার শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জ্যাঁ পিয়াঁজ-এর শিখনতত্ত্বের ভূমিকা | ১০ |
| নির্ধারিত কাজ–২ | : | ব্লুমের শ্রেণিবিন্যাস অনুসারে শিখন যাচাই ঃ মাদ্রাসা শিক্ষাক্ষেত্রে এর প্রয়োগ | ১০ |

| ২. কোর্সের নাম: একীভূত শিক্ষা (BMED 2402) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ–১ | : | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে একীভূত শিক্ষার চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ ও উত্তরণের উপায় বিষয়ে নিজস্ব মতামত। | ১০ |
| নির্ধারিত কাজ–২ | : | একীভূত শিক্ষার শিখন সামগ্রী উন্নয়নে বিবেচ্য বিষয়সমূহ। | ১০ |

| ৩. কোর্সের নাম: প্রাথমিক শিক্ষা (BMED 2451) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ–১ | : | শ্রেণিকক্ষে সফলভাবে শিখন-শেখানো কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে পাঠপরিকল্পনার গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |
| নির্ধারিত কাজ–২ | : | প্রাথমিক বিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে স্কুল ম্যানেজিং কমিটি (SMC) এর ভূমিকা পর্যালোচনা। | ১০ |

16.04.26

# বিএমএড প্রোগ্রাম

## নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করতে পারবেন।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপঃ

ক. সর্বপ্রথমে একটি কাভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি ইত্যাদি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরির যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজটি **A4** সাইজের অফসেট কাগজে প্রতি পাতার একপাশে লিখতে হবে এবং বাঁধাই-এর জন্য বাম পাশে তিনটি স্ট্যাপল করে তা কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

৫. বিএমএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষরপত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষরপত্র ও টপশিটসহ আলাদা আলাদা প্যাকেট করে সংশ্লিষ্ট টিউটরের মাধ্যমে মূল্যায়ন করিয়ে নম্বরপত্র "পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫" বরাবর প্রেরণ করবেন।

৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবেঃ

ক. নিদের্শনায় উল্লিখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।

খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গড়মিল।

৭. কোন প্রশিক্ষাণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসুদপায়ের মধ্যে রয়েছে–

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান।

গ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রক্ষিণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।

বি. দ্রঃ প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।



16.04.26

# বিএমএড প্রোগ্রাম

## গবেষণা রিপোর্ট তৈরির নির্দেশনা

১. বিএমএড প্রোগ্রামের ২য় সিমেস্টারের 'শিক্ষায় গবেষণা (BMED 2403)' কোর্সটির নির্ধারিত কাজ হিসেবে গবেষণা রিপোর্ট জমা দিতে হবে।

২. প্রতিটি স্টাডি সেন্টারে 'শিক্ষায় গবেষণা (BMED 2403)' কোর্সটির জন্য দায়িত্বপ্রাপ্ত এক বা একাধিক টিউটর থাকবেন এবং উক্ত টিউটর/টিউটরগণ সকল শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩. কোর্স চলাকালীন সময়ে গবেষণার বিভিন্ন দিক (সমস্যা নির্বাচন, গবেষণা প্রস্তাবনা লেখা, তথ্য সংগ্রহ ও তথ্য বিশ্লেষণ ইত্যাদি) সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।

৪. শিক্ষার্থীরা যে গবেষণা করবেন সেটি সম্পূর্ণভাবে মৌলিক গবেষণা হতে হবে।

৫. টিউটোরিয়াল অধিবেশনে শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ অনুশীলনকৃত মাদরাসা/বিদ্যালয়/শ্রেণিকক্ষভিত্তিক বিভিন্ন শিক্ষণ-শিখন সমস্যা, প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, উচ্চশিক্ষা, মাদরাসা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, উন্মুক্ত ও দূরশিক্ষা অথবা শিক্ষা সংশ্লিষ্ট দেশীয়/আন্তর্জাতিক যে কোন একটি নির্দিষ্ট বিষয়ের উপর গবেষণা রিপোর্ট তৈরি করতে হবে।

৬. স্টাডি সেন্টারের দায়িত্বপ্রাপ্ত টিউটর অর্থাৎ গবেষণা তত্ত্বাবধায়কের সাথে আলোচনা করে গবেষণা শিরোনাম ঠিক করতে হবে।

৭. গবেষণা শিরোনাম ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের রূপরেখা (Research Proposal) তৈরি করে টিউটরের নিকট অনুমোদন নিতে হবে।

৮. পরবর্তীতে টিউটরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ গবেষণার ধাপগুলো যথাযথভাবে অনুসরন করে হাতে কলমে কাজ করে একটি নমুনা গবেষণা রিপোর্ট তৈরি করে তা নির্দিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

৯. পরবর্তীতে একটি নির্দিষ্ট অধিবেশনে নমুনা প্রতিবেদন শ্রেণিকক্ষে উপস্থাপন ও আলোচনার মাধ্যমে টিউটরের সহযোগিতায় একটি চূড়ান্ত গবেষণা রিপোর্ট তৈরি করে তা নির্দিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

১০. গবেষণা রিপোর্ট তৈরিতে কোন ভাবেই অন্যের কাছ থেকে কপি করা বা অন্য কোন অসুদপায় অবলম্বন করা যাবে না। অসদুপায় অবলম্বন করা হয়েছে এরূপ প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর গবেষণা রিপোট বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. গবেষণা রিপোর্ট বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।

১২. গবেষণা রিপোর্ট অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়) এবং কমপক্ষে ১০০০ শব্দবিশিষ্ট হতে হবে।

১৩. গবেষণা রিপোর্টের রেফারেন্সিং (Referencing)-এর ক্ষেত্রে APA (American Psychological Association) স্টাইল অনুসরণ করতে হবে।

৩ ৬ 16.04.26

স্কুল অব এডুকেশন
SCHOOL OF EDUCATION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

সম্মানিত টিউটর
শিক্ষায় গবেষণা (বিএমএড-২৪০৩) কোর্স
বাউবি পরিচালিত বিএমএড প্রোগ্রাম

বিষয়: বিএমএড প্রোগ্রামের ২য় সিমেস্টারের (শিক্ষাবর্ষ: ২০২৫, ব্যাচ: ২০২৫) 'শিক্ষায় গবেষণা (বিএমএড-২৪০৩)' কোর্সের গবেষণা কাজ সম্পাদন প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি প্রত্যেক শিক্ষার্থীর সঙ্গে আলোচনা করে শিক্ষা সংক্রান্ত বিষয়ে একটি শিরোনাম নির্ধারণ করে দিবেন এবং সেই বিষয়ে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করে পূর্ণাঙ্গ রিপোর্ট আকারে তৈরি করে আপনার নিকট জমাদানের নির্দেশ দিবেন। এসব কাজে সুপারভাইজার হিসেবে আপনি যথাযথ সহযোগিতা করবেন। এরপর শিক্ষার্থীদের নিকট থেকে সংগৃহীত রিপোর্ট মূল্যায়ন পূর্বক নম্বরপত্র "পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর- ১৭০৫" বরাবর প্রেরণ করবেন এবং বিষয়টি ডিন, স্কুল অব এডুকেশন, বাউবি, গাজীপুর-১৭০৫ কে অবহিত করবেন। উল্লেখ্য যে, গবেষণা প্রতিবেদন/রিপোর্টের জন্য ২০ নম্বর নির্ধারিত রয়েছে। এ কাজের জন্য আপনাকে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।

ধন্যবাদান্তে,

16.04.26

অধ্যাপক আমিরুল ইসলাম
ডিন
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।